



এনসিটি পরিচালনায় ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে বাংলাদেশের চুক্তি



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) পরিচালনার জন্য সংযুক্ত আরব আমিরাতের প্রতিষ্ঠান ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ। চুক্তি অনুযায়ী আগামী ১৫ বছর টার্মিনালটি পরিচালনা করবে প্রতিষ্ঠানটি।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) দুপুর সাড়ে ৩টার দিকে চুক্তিতে সই করেন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এস এম মনিরুজ্জামান এবং ডিপি ওয়ার্ল্ডের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা সুলতান আহমেদ বিন সুলায়েম।

চুক্তির আওতায় টার্মিনাল ব্যবহারকারীদের কাছ থেকে মাশুল আদায় করবে ডিপি ওয়ার্ল্ড। এর বিনিময়ে বন্দর কর্তৃপক্ষকে এককালীন অর্থের পাশাপাশি প্রতিটি কনটেইনারের জন্য নির্ধারিত মাশুল দেবে প্রতিষ্ঠানটি।

এনসিটি পরিচালনার জন্য ইজারা দেওয়ার প্রক্রিয়া অন্তর্বর্তী সরকারের সময়ে এগিয়ে যায়। এর ধারাবাহিকতায় বর্তমান বিএনপি সরকারের সময়ে ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে চুক্তি হলো।

চট্টগ্রাম বন্দরের সক্ষমতা ও আন্তর্জাতিক মানের সুযোগ-সুবিধা বাড়ানোর লক্ষ্যেই এই চুক্তি করা হয়েছে বলে জানিয়েছেন নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, জাতীয় স্বার্থকে সামনে রেখেই ডিপি ওয়ার্ল্ডকে যুক্ত করা হয়েছে।

মন্ত্রী আরও বলেন, বিশ্বের শীর্ষ পাঁচটি প্রতিষ্ঠানের মধ্যে তিনটিকে চট্টগ্রাম বন্দরের ব্যবস্থাপনায় যুক্ত করা হচ্ছে। এর মাধ্যমে ভবিষ্যতে দেশের জন্য ভালো অর্থনৈতিক ব্যবস্থার পথ তৈরি হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।